তারিখ 28 MAR 2017
পৃষ্ঠা 2 কলাম 2

দৈনিক আমাদের সময়

# সমৃদ্ধ বাংলাদেশ হলেই স্বাধীনতার স্বপ্ন পূরণ হবে
## —শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক ●
শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, সুখী-সমৃদ্ধ ও স্বনির্ভর বাংলাদেশ গড়ার লক্ষ্য অর্জন সম্ভব হলেই স্বাধীনতার স্বপ্ন এবং আকাঙ্ক্ষা পূরণ হবে। একটি মর্যাদাসম্পন্ন জাতি গঠনের মাধ্যমেই এ আকাঙ্ক্ষা পূরণ সম্ভব। এ জন্য নতুন প্রজন্মকে গড়ে তোলার চেষ্টা করছে সরকার।

গতকাল রাজধানীর সেগুনবাগিচার আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০১৭ উপলক্ষে শিক্ষা মন্ত্রণালয় আয়োজিত আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। এর আগে শিক্ষামন্ত্রী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৮তম জন্মদিন ও জাতীয় শিশু দিবস-২০১৭ উপলক্ষে আয়োজিত প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

শিক্ষামন্ত্রী বলেন, এ প্রজন্মই হবে আধুনিক বাংলাদেশ নির্মাণের কারিগর। তাদের আধুনিক জ্ঞান ও প্রযুক্তিতে এমনভাবে দক্ষ করে তুলতে হবে, যাতে তারা বিশ্বে প্রতিযোগিতা করে নিজেদের জায়গা করে নিতে পারে।